সমকাল

তারিখ ... 22 JAN 2017
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪

# শুধু ডিগ্রি অর্জনের শিক্ষায় শিক্ষিতরা মূর্খ : রব

■ গাজীপুর প্রতিনিধি

স্বাধীন বাংলার পতাকা উত্তোলক ও সাবেক মন্ত্রী আ স ম আবদুর রব বলেছেন, শুধু চাকরির জন্য ডিগ্রি অর্জনের শিক্ষায় শিক্ষিতরা মূর্খ। ছাত্র-ছাত্রীদের আত্মনির্ভরশীল, নীতিজ্ঞান ও দেশজ সংস্কৃতিতে সমৃদ্ধ করে পারিবারিক অনুশাসনে শাসন করা প্রয়োজন। তিনি বলেন, শিক্ষা নাগরিক কর্তব্য পালন করতে শেখায় এবং রাষ্ট্রের প্রতি অনুরাগ জাগ্রত করে। যে সমাজ বা প্রতিষ্ঠানে খেলাধুলা ও সংস্কৃতির চর্চা থাকে না, স্কুল-কলেজের বইপত্র ছাড়া পারিপার্শ্বিক অন্যান্য মানুষের জীবন-জীবিকা নিয়ে যেখানে কোনো আলোচনা থাকে না, সেই সমাজ বা প্রতিষ্ঠান বন্ধ্যা। তিনি গতকাল শনিবার গাজীপুর সদর উপজেলার নয়নপুরে ইকবাল সিদ্দিকী এডুকেশন সোসাইটি আয়োজিত দু'দিনব্যাপী বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের সমাপনী দিনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। খুদে শিক্ষার্থীদের উদ্দেশে তিনি আরও বলেন, মানবিক মূল্যবোধ বলতে কিছুই নেই সমাজে। প্রিন্সিপাল ইকবাল সিদ্দিকীর সভাপতিত্বে ক্রীড়ানুষ্ঠানে ১০৮টি ইভেন্টে কচিকাঁচা একাডেমি, নয়নপুর এনএস আদর্শ বিদ্যালয় ও ইকবাল সিদ্দিকী স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীরা অংশ নেয়। শিক্ষার্থীদের পরিবেশিত কুচকাওয়াজ, ডিসপ্লে ও ড্রামবেল ড্রিল দর্শকদের প্রসংশা কুড়ায়। ক্রীড়ায় 'দুর্বার হাউস' ও কুচকাওয়াজে 'দুরন্ত হাউস' চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।